


*https://allalo.com/job/senior-nurse-job-circular/*

# Senior Staff Nurse Job Circular in Bangladesh

**Description**

Senior Staff Nurse Job Circular Published Bangladesh Public Service Commission BPSC for Bangladeshi Citizens. Notice Non-Cadre Nurse Job Circular In Bangladesh on their Official Website http://www.bpsc.gov.bd/

## BPSC Nurse Job Circular 2020

**Hiring organization**
BPSC

**Employment Type**
FULL_TIME

**Beginning of employment**
Entry

**Duration of employment**
Full Time

**Industry**
Government Job

**Job Location**
BPSC, 1207, Anywhere in Bangladesh, Dhaka, Bangladesh
Remote work from: Dhaka

**Working Hours**
8

**Base Salary**
16000

**Date posted**
March 4, 2020

**Valid through**
31.03.2020




**সিনিয়র স্টাফ নার্স এর শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১.২০২০-৩২

তারিখঃ ১৭ ফাল্গুন ১৪২৬ / ০১ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি নম্বর (০১)/২০২০

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেনঃ

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নং-০১ ইউনিট-৭ | **সিনিয়র স্টাফ নার্স [১০ম গ্রেড]** পদ সংখ্যা-২৫৫০টি (অস্থায়ী) | স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/সুবিধাদি) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। | - | ৪০১ ৮২ ৮১ | অনূন্য ১৮ থেকে ৩০ বছর। |

ক্রমশ/২

**বিশেষ দ্রষ্টব্যঃ**

**সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা এবং কমিশন সচিবালয়ের ০১.০৪.২০১৯ তারিখের ৮০.০০.০০০০.৪০৬.১৮.০০৫.১৫-৩৭ নম্বর অফিস আদেশে জারীকৃত নন-ক্যাডার নীতিমালার ৪.৩ অনুচ্ছেদ অনুযায়ী "সিনিয়র স্টাফ নার্স" পদটি ১০ম গ্রেডের টেকনিক্যাল।**

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়ঃ**

ক. প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে **সিনিয়র স্টাফ নার্স** পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, sms এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত করে নিবেন।

**খ. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৪.০৩.২০২০ খ্রিঃ, দুপুর ১২.০০টা।**

**গ. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ২৯.০৩.২০২০ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।**

**ঘ. কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ২৯.০৩.২০২০ তারিখ সন্ধ্যা ৬.০০ টা হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ০১.০৪.২০২০ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত sms এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে sms এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোনো আবেদন গ্রহণ করা হবে না। ০১.০৩.২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।

২. ক. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে।

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি অনুচ্ছেদ-৯ এ বর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদিসহ দাখিল করতে হবেঃ

খ.১ মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

ক্রমশ/৩

খ.২ কোনো মুক্তিযোদ্ধার নাম “লাল মুক্তিবার্তা” কিংবা “ভারতীয় তালিকায়” না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত

১. গেজেট ও সাময়িক সনদ

অথবা

২. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ

অথবা

৩. গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ

এর কপি বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে জমা দিতে হবে। বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

গ. প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

৩. জাতীয়তাঃ-

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. যেসকল প্রার্থী কোনো অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

৪. ডিক্লারেশনঃ

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (বিপিএসসি ফরম-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রার্থী প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যেকোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. ছবি (Picture) ঃ বিপিএসসি ফরম-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. **স্বাক্ষর (Signature)** ঃ Application Preview'তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ক্রমশ/৪



BPSC

Light of Bangla
https://allalo.com

৭. **পরীক্ষার ফি প্রদান ঃ**

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে **পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন ।**

প্রথম SMS ঃ BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।
Example : BPSC NCRPQBCR send to 16222
Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS : BPSC<space>yes<space> Pin লিখে send করুন 16222 নম্বরে।
Example : BPSC YES (8 digit number) send to 16222
Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য ঃ** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮. ক. প্রবেশপত্র (Admit Card) ঃ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

খ. বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা না থাকলে কোনো প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে Application Form জমা দিতে পারবেন না। কোনো প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোনো স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. **বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) প্রাপ্তি ও জমাদান ঃ**

**প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে ঃ**

১. শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/ মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

ক্রমশ/৫



BPSC

Light of Bangla
https://allalo.com

২. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
৩. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি;
৪. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;
৫. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;
৬. বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;
৭. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
৮. ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;
৯. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
১০. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।
১১. **বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত সনদের সত্যায়িত কপি।**

১০. বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। বিপিএসসি ফরম 5A (Applicant's Copy) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. **অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। অনলাইনে পূরণকৃত BPSC Form-5A (Applicant's Copy) এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।**

১২. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোনো সুযোগ নেই।

১৩. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

১৪. যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।

১৫. শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের কর্ম কমিশন থেকে শ্রুতিলেখক প্রদান করা হবে। এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর ১০ (দশ) কর্ম দিবস অর্থাৎ ১৩.০৪.২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর আবেদন করতে হবেঃ

ক. অনলাইন আবেদনপত্রের (Applicant's Copy) কপি;
খ. প্রার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
গ. শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;
ঘ. সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি।

**** উল্লেখ্য, শ্রুতিলেখকের জন্য আবেদনকারী প্রার্থীকে কেবল কর্ম কমিশন কর্তৃক মনোনীত শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

ক্রমশ/৬

১৬. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৭. আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ এর বেশি হলে লিখিত পরীক্ষার পূর্বে ১০০ নম্বরের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে।

**ক. বাছাই পরীক্ষা (MCQ Type) ঃ**

১. প্রার্থীদেরকে ১০০ (একশত) নম্বরের Multiple Choice ধরনের বাছাই (MCQ) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২. পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘণ্টা।

৩. বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২০, সংশ্লিষ্ট টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের-৪০ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের প্রশ্ন করা হবে।

৪. MCQ Type বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১৮. **আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবেঃ**

ক. লিখিত পরীক্ষাঃ

১. বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের ৮০ নম্বরসহ মোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

২. লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৯. **লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টনঃ**

| | | |
|---|---|---|
| ১. | বাংলা<br>পূর্ণমান-৪০ | |
| | ক. রচনা | ১৫ |
| | খ. সারাংশ/সারমর্ম- | ০৫ |
| | গ. পত্র লিখনঃ ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি। | ০৫ |
| | ঘ. বঙ্গানুবাদ | ০৫ |
| | ঙ. ব্যাকরণঃ ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রূপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ববিধান ও ষত্ববিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | ১০ |

ক্রমশ/৭





Light of Bangla
https://allalo.com

| | | |
|---|---|---|
| ২. | ইংরেজি<br>পূর্ণমান-৪০ | |
| | a. Essay (With hints) | 15 |
| | b. Letter: Official/ Demi-Official/ Memorandum/ Business Type. | 05 |
| | c. Comprehension | 10 |
| | d. Grammar: Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | 10 |
| ৩. | সাধারণ জ্ঞান<br>পূর্ণমান-৪০ | |
| | ক. বাংলাদেশ বিষয়াবলিঃ<br>বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা। | ১৫ |
| | খ. আন্তর্জাতিক বিষয়াবলিঃ<br>বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গ সংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান সমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থানসমূহ। | ১৫ |
| | গ. বিজ্ঞান ও প্রযুক্তিঃ<br>দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১০ |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়<br>পূর্ণমান-৮০ | |
| | ক. তাত্ত্বিক বিষয় (Theoretical). | ৩০ |
| | খ. ব্যবহারিক বা প্রায়োগিক বিষয় (Application) | ৫০ |

ক্রমশ/৮





Light of Bangla
https://allalo.com

২০. লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস এবং নন-ক্যাডার পরীক্ষার নীতিমালা কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

২১. **লিখিত পরীক্ষায় উত্তর প্রদানের ভাষাঃ বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতে লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যেকোনো একটি'তে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না তবে technical শব্দসমূহ ইংরেজিতে লেখা যাবে। কোনো বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনোরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।**

২২. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A) এর কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

২৩. প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রবেশপত্রের কপি, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত সনদের সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং কমিশন কর্তৃক চাহিত অন্যান্য তথ্যাদি জমা দিতে হবে। **প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।**

২৪. মৌখিক পরীক্ষার বোর্ডে শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদের কপি, **BPSC Form-5A** (Applicant's Copy), প্রবেশপত্রের কপি, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত সনদের মূলকপি, মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সনদের মূল কপি এবং জাতীয় পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোনো সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।

২৫. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি এর ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ৫৫০০৬৬৫৭ এবং ৫৫০০৬৮৩৪ টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২৬. নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে।

**২৭. কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বরঃ প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোনো একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবলমাত্র ঢাকায় অনুষ্ঠিত হবে।**

২৮. **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

২৯. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

- **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]

*AD Non-cadre-2020/All Advertisment// Senior Staff Nurse Advertise/March-2020*

## Non- Cadre Nurse Job Circular in Bangladesh

The job circular has not yet been published. The notice was published in September of the previous year. We expect this year to publish job notifications at the same time. So, please wait until the authorities announce the job notification. When we see the notification, we can upload it here. You can easily view or download your notification from here.

Authorities are announcing job notification for senior staff nurses for **2550 posts**. If you would like to see the notification, visit their official website. You can view the notice from our website. For this reason please see the image below.

## Staff Nurse Job Circular 2020 in Dhaka

The Bangladesh Public Service Commission (BPSC) has decided to appoint its vacant candidates. The Ministry of Health and Family Welfare will appoint candidates in two categories. The first is the senior nurse staff. The second one is midwifery. The nursing profession is one of the best jobs in Bangladesh. This is a demanding job in Bangladesh. However, your question is how to apply for this job.

## How to Apply BPSC Senior Staff Nurse Job Circular 2020

Bangladesh Public Service Commission publishes job notification for the post of senior staff nurse every year. They need a large number of nurses every year. Nowadays, it increases the value of a nurse. It is now a very popular sector for career-building. The nursing sector has not been popular in the past. But at this point, every man, especially women, wants to build their career in the nursing sector. In this notice, they need 2550 posts in different ranges. Here we include all the information about this work. According to the notification, they are being requested to apply to the people of Bangladesh for this post. If you want to build a career with nursing, apply now. Job Circular 2020, Senior Staff Nurse of the Government of Bangladesh, was published on March 29, 2020.

**Go to Teletalk Website:** [http://bpsc.teletalk.com.bd/](http://bpsc.teletalk.com.bd/)

- Select your Chooseable Position and click Next.
- The application form has both normal and mandatory information fields to fill in as needed. If a field is missing, the software will remind you to do so correctly. Therefore, applicants should upload a photo (300 × 300 pixels) at the end of the application page where the file size should not exceed 100 KB and signature (300 × 80 pixels) where the file size does not exceed 60 KB.
- Fill in all the correct information according to your academic credentials.
- Carefully verify your information and click Submit.
- Lastly, successful submission shows the applicant with an ID ID along with the information supplied by the applicant, showing a “copy of the applicant” which is crucial for the next step (fee submission).

Then select ‘Online application for non-cadre’. Then select ‘Application Form’. Now select the name of your post and click the Next button. Fill in all the correct information. After completing the application, upload your most recent photo and signature. Then pay the application fee.

## Which Document Needs for BPSC Midwifery Senior Staff Nurse

**Eligibility and Other Conditions: Recruitment Application Requirement**

- Candidates must be registered by Bangladesh Nursing Institution. BSc in Nursing / Bachelor of Nursing course should be passed in any government recognized university. Or have passed a Nursing / Diploma in Nursing Science and Midwifery at any government recognized university.
- March 1, 2020, is not more than 32 years of age.
- Image size is 300 * 300 jpg and no more than 100KB.
- A signature must be (300 * 80) JPG format and the file size does not exceed 100KB.

## How Can Payment Fee for Government Staff Nurse Recruitment Examination

After reading the instruction you click to apply the button and follow the instructions. You will see the photo and signature upload option after filling in the application form. Upload your photos and signature in the correct format. Then you will see a preview application option. If the application form is correct, test your application and click the Submit button. After submitting the application form, they provide an applicant copy. Save this user copy of the applicant because this user ID will be used when you submit the payment option.

How to pay BPSC Nurse application Fee. You have to pay a fee by sending two SMS via Teletalk prepaid SIM

- **1st SMS**: BPSC (Space) User ID and send it to 16222
  ***Example***: BPSC MNBVCXZL and Send 16222

**Replay SMS:** Applicant's name, 500 will be charged as application fee. Your PIN (8 digit number). To pay the fee, type BPSC <Space> Yes <Space> PIN and send it to 1622

- **2nd SMS**: BPSC (Space) YES (Space) PIN and Send it to 16222.
  ***Example***: BPSC YES 87654321 and Send it 16222.
- **Reply SMS:** Congratulations! Your Name, payment completed successfully for Non-cadre examination. The user ID is (123456) and Password (123456).

## BPSC Non-Cadre Nurse Exam Seat Plan

BPSC Senior Staff Nurse Job Exam Seat Plan Will be notified on time on this website.

## Senior Staff Nurse Exam Model

Here we have given the senior staff nurse the exam details needed. The required test will be two steps. MCQ and Viva Vice Test. Candidates appearing for the MCQ Exam are taking the Viva Exam. After passing the Viva Examination, the authorities will apply the candidates to their desired location. The MCQ test will be conducted with the number 100.

## Staff Nurse Job Preliminary Exam Seat Plan & Result in BD

BPSC authorities will release senior staff nurse preliminary exam dates and seat plans. They publish the results of the preliminary examinations on their website. We have published the senior staff nurse preliminary exam results and seat plans. You

can view preliminary exam seat plans and results here. Stay tuned for more information.

## Senior Staff Nurse Exam Result 2020

The results of the senior staff nurse preliminary examination will be published. The authority of the Bangladesh Public Service Commission will publish the results. We are publishing it simultaneously. Therefore, you can view or download your results from our site. You can get information about your results from our website. Don’t worry about getting your results. You can find everything here just in time. The results will be released in July.

## PSC Staff Nurse Exam MCQ Result 2020

After the download admit card expires, the BPSC senior nurse will update the exam date, time and seat plan. After the examination, the authorities will take a few days to publish the results. The results will be published, we will update here. The BPSC Senior Nurse gives results through MCQ online.

## BD Nursing Job circular Today

Please read the notice carefully before making your application. If you would like to see the notification, click here. The application system is an online base. So, if you want to apply this post, click on the application link and follow the instructions. When you click Apply Link you will see a new page open. Here you will see “Non-cadre options” Click this button. Then you will see the Bangladesh Government Senior Staff Nurse Job Circular 2020, point to the Apply and Apply button. If you want to read the guide, click the instruction button.

_____More Job Circular Go Here>

**Reference:** Bangladesh Public Service Commission BPSC.